দৈনিক বাংলা

তারিখ 10/9/73 ...
পৃষ্ঠা ... কলাম ... ... ...

42

# বাংলা বাজারে মহিলা কলেজ প্রতিষ্ঠার প্রশ্নে শিক্ষামন্ত্রীর সমর্থন

সম্প্রতি প্রস্তাবিত বাংলাবাজার মহিলা কলেজ প্রস্তুতি কমিটির পক্ষ থেকে একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমেদ-এর সাথে সাক্ষাৎ করে পুরাতন ঢাকা এলাকায় বাংলাবাজারে একটি মহিলা কলেজ প্রতিষ্ঠার ব্যাপারে সার্বিক সহযোগীতার অনুরোধ জানালে মন্ত্রী মহোদয় তাঁর প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করেন। প্রতিনিধি দল মহিলা কলেজ প্রতিষ্ঠার উপযোগী বর্তমানে মালিক বিহীন, বাংলা-বাজারস্থ ৪৮, নর্থব্রুক হল রোডের বাড়িটি বরাদ্দের প্রস্তাব দিলে মন্ত্রী মহোদয় উক্ত ভবনটি বরাদ্দের ব্যাপারেও সহযোগিতার আশ্বাস দেন।

ইতিপূর্বে মহিলা কলেজ প্রস্তুতি কমিটির পক্ষ থেকে প্রতিনিধি দলটি ভূমি রাজস্ব ও ভূমি প্রশাসন মন্ত্রী এবং ঢাকা পৌরসভার চেয়ার-ম্যানের সাথে সাক্ষাৎ করেন। উভয়ই প্রস্তাবিত কলেজ প্রতিষ্ঠায় সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

উল্লেখযোগ্য যে, ইতিমধ্যে জগন্নাথ সরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব আ ন ম বজলুর রহমানকে সভাপতি এবং জনাব মোহাম্মদ সুলতানকে সম্পাদক করে ৪৯ সদস্য বিশিষ্ট একটি প্রস্তুতি কমিটি গঠিত হয়েছে। কমিটির এক বিজ্ঞপ্তিতে এখবর দেয়া হয়েছে।